মুজিবনগর আইডিয়াল মাদ্রাসায় শিক্ষার্থীদের পুরস্কার বিতরণী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল উলুম হিফজে ফলাফল প্রকাশ এবং কৃতি শিক্ষার্থীদের পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে মাদ্রাসা প্রাঙ্গণে বর্ণাঢ্য আয়োজনে এ অনুষ্ঠান সম্পন্ন হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমির মাওলানা তাজউদ্দীন খান। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আধুনিক শিক্ষার পাশাপাশি নৈতিক ও ধর্মীয় শিক্ষায় শিক্ষিত হয়ে ভবিষ্যৎ প্রজন্মকে দেশ ও সমাজের কল্যাণে কাজ করতে হবে।

তিনি আরও বলেন, “শিক্ষা মানুষের চরিত্র গঠনের অন্যতম মাধ্যম। শুধু ভালো ফলাফল নয়, একজন সৎ ও আদর্শ মানুষ হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করাই প্রকৃত শিক্ষার লক্ষ্য।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক, বাংলাদেশ জামায়াতে ইসলামী মুজিবনগর উপজেলা শাখার আমির মাওলানা খান জাহান আলী, মোনাখালী ইউনিয়ন আমির মোখলেছুর রহমান, দারিয়াপুর ইউনিয়ন আমির আব্দুল হালিম এবং উপজেলা শাখার সহকারী সেক্রেটারি মুস্তাফিজুর রহমান।

এসময় আরও উপস্থিত ছিলেন, মাদ্রাসার পরিচালক মোহাম্মদ সোহেল রানা, সেলিম খান, মাওলানা আনোয়ার হোসেনসহ শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

অনুষ্ঠানের শেষপর্যায়ে বিভিন্ন শ্রেণিতে সাফল্য অর্জনকারী শিক্ষার্থীদের হাতে পুরস্কার ও সম্মাননা তুলে দেন অতিথিরা। পুরো অনুষ্ঠানজুড়ে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে ছিল আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশ।

দামুড়হুদায় মাঠ দিবস ও কারিগরি আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় উপজেলায় ২০২৫-২০২৬ অর্থ বছরে ‘মসলার উন্নত জাত ও প্রযুক্তি সম্প্রসারণ (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় কৃষক মাঠ দিবস ও কারিগরি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১২টায় উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলার জয়রামপুর শেখপাড়ায় কৃষক রুহুল আমীনের আম বাগানে এ মাঠ দিবসের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যশোর অঞ্চলের অতিরিক্ত পরিচালক আলমগীর বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমাদের দেশে ৩০ হাজার কোটি টাকার মশলার বাজার আছে। প্রতি বছর আমরা ৯০০ কোটি টাকার মশলা আমদানি করি। এই অঞ্চলের কৃষকরা কিন্তু উদ্যক্তা। মোট ১০৯ প্রকার মশলা হয়, এর মধ্যে ৫০ প্রকার মশলা আমাদের দেশে চলে, এর মধ্যে ১৭টি মশলার চাষ হয়। কিন্তু বেশি চাহিদা ৫টি মশলার। আপনারা বাড়ির আশপাশের পতিত জায়গায় এই বারি রসুন ৩ ফলাতে পারেন। বাড়িতে যদি বস্তায় আদা চাষ করেন তাও নিজেদের পরিবারের চাহিদা মেটাতে পারি। তাই মশলা যদি আমরা নিজেরাই চাষ করি তাহলে আমাদের আমদানিতে টাকা খরচ কম হবে। আমরা আগামীতে আর বাইরে থেকে পিয়াজ আমদানি করতে চাইনা। আগামীতে ৪৪,৫০০ জন কৃষকদের পেয়াজ চাষের জন্য সার বীজ সব দিয়ে সহযোগিতা করা হবে। আমরা আর বাইরের দেশ থেকে পেয়াজ আমদানি করতে চাইনা। আপনারা এই বারি রসুন ৩ চাষ করে নিজের পরিবারের চাহিদা মেটাতে পারি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মাসুদুর রহমান সরকার, বিশেষ অতিথি ছিলেন জেলা অতিরিক্ত উপপরিচালক (শস্য) কৃষ্ণ রায়।

এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা অতিরিক্ত কৃষি অফিসার অভিজিৎ কুমার বিশ্বাস, কৃষি উপসহকারী সাইফুল ইসলামসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

অনুষ্ঠানে বারি রসুন-৩ জাতের চাষাবাদ, ফলন বৃদ্ধি ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের ওপর বিস্তারিত আলোচনা করা হয়। কৃষকদের মাঝে

উন্নত জাতের মসলা চাষে উদ্বুদ্ধ করতে বিভিন্ন দিকনির্দেশনাও প্রদান করা হয়।উক্ত মাঠ দিবস ও আলোচনা সভায় প্রায় ১৫০ জন কৃষক-কৃষাণী অংশগ্রহণ করেন।

মেহেরপুর সরকারি কলেজে সম্প্রীতি অলিম্পিয়াড অনুষ্ঠিত

মেহেরপুর সরকারি কলেজের শিক্ষক-শিক্ষার্থী সম্মেলন কক্ষে (টিএসসিআর) আজ বৃহস্পতিবার তরুণ প্রজন্মের মাঝে সহনশীলতা ও ভ্রাতৃত্ববোধ ছড়িয়ে দিতে সম্প্রীতি অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়েছে।

মো. নাফিউল ইসলামের সঞ্চালনায় মেহেরপুর ওয়াইপিএজির আয়োজনে, এফসিডিওর অর্থায়নে এবং দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের এমআইপিএস প্রকল্পের সহযোগিতায় এ আয়োজন সম্পন্ন হয়।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন সিয়াম, বাইবেল পাঠ করেন সুমী বিশ্বাস এবং গীতা পাঠ করেন সঞ্চিতা হালদার। এরপর ওয়াইপিএজি সদস্যদের পরিচালনায় জাতীয় সংগীত পরিবেশন ও শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন মেহেরপুর সদর ওয়াইপিএজির কো-অর্ডিনেটর রাজিয়া সুলতানা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ.কে.এম. নজরুল কবির। তিনি বলেন, “একটি অন্তর্ভুক্তিমূলক ও সম্প্রীতির সমাজ গঠনে শিক্ষার্থীদের ভূমিকা অপরিসীম। এ ধরনের আয়োজন তাদের মননশীলতা বিকাশে সহায়ক হবে।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক মো. খসরু ইসলাম, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মঈনুল ইসলাম, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. হাসানুজ্জামান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক বশির আহমেদ এবং মুজিবনগর উপজেলা ওয়াইপিএজি এর কো-অর্ডিনেটর মো. রিয়াজ শেখ।
অ

লিম্পিয়াডের মূল আকর্ষণ ছিল সাধারণ শিক্ষার্থীদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতা। প্রতিযোগিতা শেষে শিক্ষার্থীরা তাদের অনুভূতি প্রকাশ করেন। এ সময় শিক্ষার্থী জান্নাতুল ফেরদৌস শোভা ও বিধান শেখ বক্তব্য দেন।

অনুষ্ঠানে কুইজ প্রতিযোগিতার ফলাফল ঘোষণা, শপথ বাক্য পাঠ এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন পিএফজি অ্যাম্বাসেডর ও মেহেরপুর জেলা জাতীয়তাবাদী মহিলা দলের সভাপতি সায়্যেদাতুন্নেছা নয়ন।

সমাপনী বক্তব্যে তিনি উগ্রবাদ ও অসহিষ্ণুতা পরিহার করে সম্প্রীতির বাংলাদেশ গড়ার আহ্বান জানান। পরে তিনি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন। শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অনুষ্ঠানটি উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হয়।

ঝিনাইদহে গ্রাম আদালত বিষয়ক সমন্বয় সভা অনুষ্ঠিত

গ্রাম আদালত ব্যবস্থাকে আরও কার্যকর ও জনমুখী করতে স্থানীয় পর্যায়ে প্রচার-প্রচারণা জোরদারের লক্ষ্যে ঝিনাইদহে এক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্পের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক রথীন্দ্র নাথ রায়’র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সুবীর কুমার দাশ, স্থানীয় সরকারের সহকারী পরিচালক আমিনুল ইসলাম, জেলা তথ্য অফিসার আব্দুর রউফ, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক মুন্সী ফিরোজা সুলতানা, যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক বিলকিস আফরোজসহ অন্যান্যরা।

এ সময় প্রকল্পের জেলা ম্যানেজার রহিদুল ইসলাম, উপজেলা সমš^য়কারী

এবং প্রোগ্রাম ও ফিন্যান্স সংশ্লিষ্ট কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

সভায় ঝিনাইদহ জেলার ৬৭টি ইউনিয়নে ২০২৪ সালের ফেব্রুয়ারি থেকে ২০২৬ সালের মার্চ পর্যন্ত গ্রাম আদালতে মামলা গ্রহণ ও নিষ্পত্তির অগ্রগতি তুলে ধরা হয় এবং তা নিয়ে বিশদ আলোচনা করা হয়।

সভায় অংশগ্রহণকারীরা নিজ নিজ প্রতিষ্ঠানের আউটরিচ কার্যক্রমের সঙ্গে গ্রাম আদালত বিষয়ক প্রচার-প্রচারণা অন্তর্ভুক্ত করার ওপর গুরুত্বারোপ করেন এবং এ লক্ষ্যে একটি সসমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ করেন।

হরিণাকুণ্ডুতে স্টেকহোল্ডারদের কর্মশালা অনুষ্ঠিত

দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়া এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নের লক্ষ্যে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে উপজেলা পর্যায়ের স্টেকহোল্ডার কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১৫ এপ্রিল) দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তার সম্মেলন কক্ষে এ কর্মশালার আয়োজন করে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)।

কর্মশালায় সভাপতিত্ব করেন হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা দিদারুল আলম। এতে বক্তব্য রাখেন হরিণাকুন্ডু উপজেলা কৃষি কর্মকর্তা শরীফ মোহাম্মদ তিতুমীর, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডা: উজ্জল কুমার কুন্ডু, উপজেলা সমবায় কর্মকর্তা ফরহাদ হোসেন, এসডিএফ’র জেলা ব্যবস্থাপক মাহমুদ হাসান, জেলা কর্মকর্তা (লাইভলিহুড) মাহাবুবুর রহমান, জেলা কর্মকর্তা সুলতানা বুলবুলি এবং জেলা স্বাস্থ্য ও পুষ্টি কর্মকর্তা ডা. অনুদীপা রানীসহ অন্যান্যরা।

বক্তারা বলেন, দেশের আর্থসামাজিক উন্নয়নে অর্থ মন্ত্রণালয় এসডিএফ’র মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে। ভবিষ্যতে উপজেলার সুবিধাভোগীদের আরও কার্যকর সেবা নিশ্চিত করতে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বিত উদ্যোগ প্রয়োজন।

কর্মশালায় অংশগ্রহণকারী অংশীজনরা সুবিধাভোগীদের মাঝে সেবা কার্যক্রম আরও বিস্তৃত ও কার্যকর করার আশ্বাস দেন।

কুষ্টিয়ায় সজীব গ্রুপ ও রোনিতা ফুডের প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

কুষ্টিয়ায় রোনিতা ফুড ও সজীব গ্রুপের উদ্যোগে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেলে শহরের একটি খেলার মাঠে আয়োজিত এ খেলায় নবীন ও প্রবীণ খেলোয়াড়দের অংশগ্রহণে সৃষ্টি হয় প্রাণবন্ত পরিবেশ।

আয়োজনে সহযোগিতা করে সজীব গ্রুপের কোমল পানীয় পিওরো কোলা। খেলাটি ঘিরে ছিল উৎসবমুখর আবহ, যেখানে জয়-পরাজয়ের চেয়ে সম্প্রীতি ও আনন্দই ছিল মূল আকর্ষণ।

সজীব গ্রুপের ডিপো প্রধান আক্তার হোসেন বলেন, “কোমল পানীয় পিওরো কোলার সহযোগিতায় আমরা এই ফুটবল খেলার আয়োজন করেছি। এতে একসময়ের প্রবীণ খেলোয়াড়দের অংশগ্রহণ ছিল বিশেষ আকর্ষণ।”

তিনি আরও বলেন, “এ ধরনের আয়োজন শুধু বিনোদন নয়, বরং সহমর্মিতা ও বন্ধনকে আরও দৃঢ় করে। কোম্পানির সহযোগিতায় ভবিষ্যতেও এমন খেলাধুলা অব্যাহত রাখার আহ্বান জানাচ্ছি।”

রোনিতা ফুডের পরিচালক এস এম জামাল বলেন, “খেলাধুলা করলে শরীর ও মন ভালো থাকে। আমরা আমাদের কোম্পানির সংশ্লিষ্টদের সমন্বয়ে এই আয়োজন করেছি, যেখানে নবীন ও প্রবীণদের মধ্যে সৌহার্দ্য ও বন্ধন

আরও দৃঢ় হয়েছে।”

খেলায় অংশগ্রহণকারীরা জানান, এ ধরনের উদ্যোগ নিয়মিত হলে কর্মব্যস্ত জীবনের মাঝে কিছুটা স্বস্তি মিলবে এবং পারস্পরিক সম্পর্ক আরও গভীর হবে।

খেলায় অংশ নেওয়া এক প্রবীণ খেলোয়াড় বলেন, “দীর্ঘদিন পর আবার ফুটবল খেললাম। একসময় বিভিন্ন টুর্নামেন্টে নিয়মিত অংশ নিতাম। কিন্তু সময়ের পরিক্রমায় আর খেলা হয়নি। আজ এতদিন পর মাঠে নেমে খেলতে পেরে সত্যিই খুব ভালো লাগছে।”

তিনি আরও বলেন, “এই আয়োজন আমাদের পুরোনো দিনের স্মৃতিগুলো আবার ফিরিয়ে এনেছে।”

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের বিশেষ সাপ্তাহিক সাহিত্য আসর অনুষ্ঠিত

২৬শে মার্চ উদযাপন উপলক্ষে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের বিশেষ সাপ্তাহিক সাহিত্য আসর “স্বাধীনতায় পদধ্বনি- ১৬১১” অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেল চারটায় পরিষদের শহীদ আলাউল হলে এর আয়োজন করা হয়। মুক্তিযুদ্ধের শহীদদের স্মরণে এক মিনিট নিরাবতা পালনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়।

অর্থ সম্পাদক মিম্মা সুলতানা মিতার সঞ্চালনায় একাত্তরের স্বাধীনতার উপর লিখিত স্বরচিত কবিতা পাঠ করেন গুরু কাজল মল্লিক, বনলতা, মো: খালেকুজ্জামান, গোলাম কবীর মুকুল, মো: আনছার আলী, মোছা: মর্জিনা খাতুন, মো: মোজাম্মেল হক, শেখ সেলিম, সুমন মালিক, মো: হুমায়ুন কবীর, মিম্মা সুলতানা মিতা। চিরায়ত সাহিত্য থেকে পাঠ করেন জাকিয়া সুলতানা ঝুমুর ও মরিয়ম সুলতানা ভূবনের লেখা পাঠ করে শোনান ইকবাল আতাহার তাজ।

পঠিত লেখাগুলো নিয়ে বস্তুনিষ্ঠ আলোচনা করেন চুয়াডাঙ্গার

উজ্জ্বল নক্ষত্র ড: মুন্সি আবু সাইফ, স্বাধীনতার উপর বক্তব্য রাখেন অধ্যক্ষ মো: শাহজাহান আলী, অ্যাডভোকেট বজলুর রহমান, মো: তৌহিদ হোসেন। আসরে আরোও উপস্থিত ছিলেন অধ্যক্ষ হামিদুল হক মুন্সী, শেখ পিন্টু, মরিয়ম সুলতানা ভূবন, মিফতাহুল আওয়াল, মো: আব্বাসউদ্দীন, হারুন অর রশিদ, আকিব তৌফিক চৌধুরী।

সভাপতি তার সমাপনী বক্তব্যে বলেন ১৯৭১ এ মহান মুক্তিযুদ্ধে চুয়াডাঙ্গার জেলা পরিষদ ডাক বাংলোর পুরাতন ভবনটি দক্ষিন পশ্চিম রণাঙ্গনের সেক্টর কমান্ডার তৎকালীন মেজর আবু ওসমান চৌধুরীর কার্যালয় হিসেবে ব্যবহার হতো। আগামী প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের স্মৃতি হিসেবে স্মরণীয় করে রাখতে ঐ ভবনটিকে স্বাধীনতা ভবন ঘোষণার দাবি জানিয়ে স্বাধীনতা দিবস পদধ্বনি ১৬১১ পর্বের সমাপ্তি ঘোষণা করেন।

দর্শনায় ধানের শীষের পক্ষে নারী সমাবেশ অনুষ্ঠিত

দর্শনা পরাণপুর গ্রামে ধানের শীষের পক্ষে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকাল ৪ টায় বিএনপি নেতা সরোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত নারী সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ধানের শীষের প্রার্থী বিজিএমইএ এর সভাপতি মাহমুদ হাসান খান বাবুর শ্যালোক শফিকুল ইসলাম সোহেল।

তিনি তার বক্তব্যে বলেন, আপনাদের সবাইকে বলছি বাবু খান যদি ভাল লোক হয়। তবে তাকে একটা ধানের শীষে ভোট দেবেন। বাবু খান একজন স্বাবলম্বী ব্যবসায়ী। উনি কারো অনুদানের অপেক্ষা করেন না। উনি নিজে আপনাদের একটি হাসপাতাল আরো আনুসাংঙ্গিক যা লাগবে তিনি করে দেবেন। তার নিজের টাকায় একটি কৃষি বিশ্ববিদ্যালয় করে দেবে। খেলার দায়িত্ব আমি নিয়েছি।

আমি বিভিন্ন স্থানে ক্লাব করে দেবো। আপনাদের ছেলে মেয়েদের খেলার সরমজান আমার কাছ থেকে পাবে। আপনারা বাড়ি ফিরে গিয়ে আশেপাশের লোকজনকে বলবেন বাবু খান একজন সাদা মনের ভাল মানুষ। সবাই তার

ধানের শীষে একটি করে ভোট দিতে বলবেন।

এ নারী সমাবেশে আরো উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র সাবেক সিনিয়ার সহ-সভাপতি ও সমন্বয়ক কমিটির সদস্য হাবিবুর রহমান বুলেট, পরানপুর একতা ক্লাবের সভাপতি ইন্তাজুল ইসলাম, একতা ক্লাবের উপদেষ্টা জাকির হোসেন, বকুল মালিতা, মিলন জোয়ার্দ্দার প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন, হাবিবুর রহমান হাবু।

গাংনীতে কোরআন তেলওয়াত ও ইসলামি সংগীত প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে কোরআন তেলওয়াত ও ইসলামি সংগীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার দিনব্যাপী উপজেলার দেবীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন অত্র উপজেলার বিভিন্ন মাদ্রাসার শিক্ষার্থীরা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজের সাবেক শিক্ষক হাজী মো: সামসুজ্জোহা (বিএসসি)। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, করমদী দারুচ্ছুন্নাহ নেছারিয়া দাখিল মাদ্রাসার সহকারী সুপার মাওলানা মো: শওকত আলী।

কোরআন তেলওয়াত ও ইসলামি সংগীত প্রতিযোগিতার দুই বিভাগ থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারকারী মোট ৬ জনকে পুরস্কার হিসেবে নগদ অর্থ তুলে দেয়া হয়।

অনুষ্ঠানে উপজেলার ১৬টি মাদ্রাসার শিক্ষার্থীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। এছাড়াও কোরআন পাঠশালার উদ্যোগে কুইজ প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারকারীকে ইসলামী বই উপহার দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে বিচারক হিসেবে উপস্থিত ছিলেন, অত্র এলাকার ছয় মসজিদের সম্মানিত ইমাম ও হাফেজগণ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, এই ধরনের ব্যতিক্রমী একটি অনুষ্ঠান সত্যি আমাদের মন জয় করেছে। এই ধরনের অনুষ্ঠান খুব কম লক্ষ্য করা যায়। তাছাড়া দেবীপুর, ঝোড়াঘাট, মাঠপপাড়া, করমদী ও চককল্যাণপুর এই চার গ্রামের যুবসমাজের উদ্যোগে এই অনুষ্ঠানটি হয়।গতবছরও হয়েছিল এ অনুষ্ঠানটি। যারা এর আয়োজন করেছে তাদেরকে অসংখ্য ধন্যবাদ। আগামীতে উপজেলা সকল মাদ্রাসা নিয়ে যাতে এর চেয়ে আরও ভালো অনুষ্ঠান উপহার দিতে পারে এই দোয়া করি।

অনুষ্ঠান পরিচালনায় ছিলেন, রাকিবুল ইসলাম কবি, মাহবুব তানিম ও বিপ্লব হোসেন। অনুষ্ঠানে অত্র এলাকার শিক্ষক সহ গণমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাংনীর জোড়পুকুরিয়াতে বিএনপির নির্বাচনী জনসভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রাম বিএনপি’র উদ্যোগে নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে জোড়পুকুরিয়া বাজারে এই জনসভা অনুষ্ঠিত হয়।

জোড়পুকুরিয়া ১নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি মোস্তাক আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মনোনীত সংসদ সদস্য প্রার্থী আমজাদ হোসেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আবাদুল আওয়াল, উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান জুলফিকার আলী ভুট্টো, মেহেরপুর জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান মাহবুব, মেহেরপুর জজকোর্ট জাতীয়তাবাদী আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও বিএনপি নেতা এ্যাডভোকেট জিল্লুর রহমান।

এছাড়াও বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা মহিলা বিএনপি’র সহ-সভাপতি নাজমা খন্দকার, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হুসাইনসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

সঞ্চালনায় ছিলেন, জেটিএস মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও বিএনপি নেতা জাহাঙ্গীর হোসেন হেলু।

জনসভায় বক্তারা বলেন, দেশ আজ এক কঠিন সময় পার করছে। গণতন্ত্র পুনরুদ্ধার, মানুষের ভোটের অধিকার ফিরিয়ে আনা এবং জনগণের মৌলিক অধিকার নিশ্চিত করতে বিএনপির বিকল্প নেই। তারা বলেন, বিএনপি ক্ষমতায় থাকাকালে দেশের উন্নয়ন, শিক্ষা, কৃষি ও অবকাঠামো খাতে ব্যাপক অগ্রগতি সাধিত হয়েছে।

প্রধান অতিথি আমজাদ হোসেন তার বক্তব্যে বলেন,

“দেশকে আবার উন্নয়ন ও গণতন্ত্রের ধারায় ফিরিয়ে আনতে হলে বিএনপিকে রাষ্ট্রক্ষমতায় আনতে হবে। সাধারণ মানুষের ভোটে নির্বাচিত সরকারই পারে জনগণের কথা শুনতে ও সমস্যার সমাধান করতে।”

তিনি আরও বলেন, “বিএনপি জনগণের দল। কৃষক, শ্রমিক, শিক্ষার্থী ও সাধারণ মানুষের অধিকার রক্ষায় বিএনপি অতীতেও কাজ করেছে, ভবিষ্যতেও করবে।”

বক্তারা আগামী নির্বাচনে দলীয় প্রার্থীকে বিজয়ী করতে সকল নেতাকর্মী ও সাধারণ জনগণকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

জনসভায় স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী ও সমর্থক উপস্থিত ছিলেন।